রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ডিসেম্বর ১০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ অগ্রহায়ণ ১৪২২ ব:/০৯ ডিসেম্বর ২০১৫ খ্রি:

নং ০৩.০৬৮.০২২.০৯.০০.২২.২০১৪-৮৬৯—বাংলাদেশ সরকার ও অন্য কোন দেশের সরকারের মধ্যে অংশীদারিত্ব বা উদ্যোগে অথবা এক বা একাধিক সরকারি সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক সহযোগিতা বা অংশীদারিত্বে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (সংশোধিত ২০১৫) এর ৭খ ধারার বিধান মোতাবেক নিম্নবর্ণিত প্রক্রিয়াকরণ কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| (ক) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | - সভাপতি |
| (খ) | নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন), বেজা | - সদস্য |
| (গ) | প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্ম-সচিবের নিম্নে নয়) | - সদস্য |
| (ঘ) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় (মহাপরিচালকের নিম্নে নয়) | - সদস্য |
| (ঙ) | বাংলাদেশ ব্যাংকের একজন উপযুক্ত প্রতিনিধি | - সদস্য |
| (চ) | মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| (ছ) | সচিব, বেজা | - সদস্য-সচিব |


মূল্য ঃ টাকা ৪.০০

২। কমিটির কার্যপরিধিঃ

(ক) কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, আলোচনা ও নেগোসিয়েশনের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের যোগ্যতা, অভিজ্ঞতা ও আর্থিক সক্ষমতা বিবেচনাপূর্বক সর্বোচ্চ জনস্বার্থ সংরক্ষিত হয় এরূপ সুপারিশ সম্বলিত প্রস্তাব প্রণয়ন করবে;

(খ) কমিটি প্রাথমিক পর্যায় হতে প্রস্তাব প্রণয়ন এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত বা সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের পর্যায় না আসা পর্যন্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাফিউল হাসান**
পরিচালক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd